

NYC
HEALTH+
HOSPITALS

সবার জন্য ভ্যাকসিন

Pfizer COVID-19 ভ্যাকসিন

- + প্রাপ্তবয়স্কদের জন্য ডোজ
- + 6 মাস বা তারচেয়ে বেশি বয়সের শিশুদের জন্য ডোজ
- + যাদের রোগ প্রতিরোধ ব্যবস্থা দুর্বল তাদের জন্য প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ
- + আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার সহ বুস্টারসমূহ

সকল যোগ্য ব্যক্তিদের জন্য এখানে পাওয়া যাচ্ছে

COVID-19 এর এই সময়ে, নিজেকে এবং প্রিয়জনদেরকে অসুস্থ হওয়া থেকে সুরক্ষিত রাখা গুরুত্বপূর্ণ।

COVID-19 এর ভ্যাকসিনগুলি অসুস্থতা, হাসপাতালে ভর্তি হওয়া এবং এমনকি মৃত্যুর ঝুঁকি কমাতেও নিরাপদ এবং অত্যন্ত কার্যকর।

আপনি নিজের পকেট থেকে কোনও খরচ ছাড়াই COVID-19 এর একটি ভ্যাকসিন পেতে পারেন।



আপনার জন্য কোন ভ্যাকসিন সঠিক সে সম্পর্কে আরও জানুন। QR কোডটি স্ক্যান করুন কিংবা 1-844-NYC-4NYC (1-844-692-4692) নম্বরে কল করুন।

COVID-19 এর জন্য কাদের ভ্যাকসিন নেওয়া উচিত?

- + 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুরা Pfizer-BioNTech-এর তিনটি পেডিয়াট্রিক ডোজ (এক-দশমাংশ শক্তির) নিতে পারবে
- + 5 থেকে 11 বছর বয়সী শিশুরা Pfizer-BioNTech-এর দু'টি পেডিয়াট্রিক ডোজ (এক তৃতীয়াংশ শক্তির) নিতে পারবে
- + 12 বছর বা তার বেশি বয়সের শিশু এবং প্রাপ্তবয়স্করা Pfizer-BioNTech-এর দু'টি ডোজ নিতে পারবে
- + 18 বছর বা তার বেশি বয়সের প্রাপ্তবয়স্করা Moderna-এর দুটি ডোজ, বা Johnson & Johnson/Janssen-এর একটি ডোজ নিতে পারবে

Pfizer ভ্যাকসিনের প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ

mRNA ভ্যাকসিনের প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজের ক্ষেত্রে এমন ব্যক্তিদেরকে অগ্রাধিকার দেওয়া হয় যাদের কোনো অবস্থা বা চিকিৎসাগত কারণে রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল।

ডায়াবেটিস, হৃদরোগ বা ফুসফুসের রোগের মতো অন্যান্য শারীরিক সমস্যায় আক্রান্ত বেশিরভাগ ব্যক্তির ক্ষেত্রে প্রাথমিক সিরিজের অতিরিক্ত ডোজ সুপারিশ করা হয় না।

কাদের COVID-19 এর একটি বুস্টার শট নেওয়া উচিত?

5 থেকে 11 বছর বয়সী যেসব শিশু পাঁচ মাসেরও বেশি সময় আগে Pfizer-এর প্রাথমিক সিরিজ পেয়েছে তারা শুধুমাত্র Pfizer মনোভ্যালেন্ট বুস্টার পাওয়ার যোগ্য।

12 বছর ও তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিদের জন্য, একমাত্র অনুমোদিত বুস্টার হল আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার। 12 বছর ও তারচেয়ে বেশি বয়সী ব্যক্তির আর আসল মনোভ্যালেন্ট বুস্টার নিতে পারবে না।

12 বছর ও তারচেয়ে বেশি বয়সী ব্যক্তিদের প্রাথমিক COVID-19 ভ্যাকসিন সিরিজ বা শেষ বুস্টার গ্রহণের পূর্ণ দুই মাস পরে আপডেটকৃত বাইভ্যালেন্ট বুস্টার ডোজ নেওয়া উচিত।

ভ্যাকসিন নেওয়া ব্যক্তির তাদের প্রাথমিক ভ্যাকসিন সিরিজ হিসেবে আগে নেওয়া ভ্যাকসিন অথবা পূর্ববর্তী বুস্টার হিসাবে নেয়া একই ভ্যাকসিন নিতে পারেন কিংবা তারা অন্য দুই ধরনের ভ্যাকসিনের যেকোনো একটিতে পরিবর্তন করতে পারেন।

যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল এমন ব্যক্তিদের মধ্যে যারা প্রথম ডোজ হিসেবে J&J এবং কমপক্ষে 28 দিন পরে অতিরিক্ত ডোজ হিসেবে একটি mRNA ভ্যাকসিন পেয়েছেন তাদের mRNA ভ্যাকসিনের অতিরিক্ত ডোজ নেওয়ার অন্তত দুই মাস পর একটি mRNA ভ্যাকসিনের বুস্টার ডোজ নেওয়া উচিত, যাতে তাদের মোট তিন ডোজ হয়।